দৈনিক সংবাদ

তারিখ 0 5 JAN 1999
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ...

001

সংবাদ : ১২

# পাঠ্যবইয়ের মানোন্নয়নের নির্দেশ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম উন্নতমানের ও নিখুঁত পাঠ্যবই সরবরাহ করার উদ্দেশ্যে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য জাতীয় পাঠক্রম ও টেক্সট বুক বোর্ডের প্রতি গতকাল বুধবার নির্দেশ দিয়েছেন। খবর বাসসর।

তিনি বলেন, নির্ভুল ও উন্নতমানের পাঠ্যবই শিক্ষার মানোন্নয়নের পূর্বশর্ত।

শিক্ষামন্ত্রী গতকাল আকস্মিকভাবে টেক্সটবুক বোর্ড অফিস পরিদর্শন করেন। এ সময় বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে আলাপ কালে তিনি এ কথা বলেন। তিনি পাঠ্যবইয়ের মান সম্পর্কে অসন্তোষ প্রকাশ করেন এবং মানোন্নয়নের জন্য কিছু পরামর্শ দেন।